

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা
(স্থানীয় সরকার শাখা)
www.bhola.gov.bd

নং- ০৫.১০.০৯০০.০২৩.০৯.০০১.১৫- ২৪২

তারিখঃ ২৬/০৪/১৮ খ্রি.

বিষয়ঃ জাতীয় তথ্য বাতায়নের তথ্য হালনাগাদকরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০৫/০৪/২০১৮ খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার মন্ত্রিপরিষদ বিভাগের সাথে জেলা প্রশাসক কার্যালয়, ভোলা এর ভিডিও কনফারেন্স অনুষ্ঠিত হয়। উক্ত ভিডিও কনফারেন্সিং এ মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গত ১৯/০৪/২০১৮ খ্রি. তারিখের মধ্যে সকল দপ্তরের তথ্য বাতায়ন ইংরেজি ও বাংলায় হালনাগাদকরণ করার নির্দেশনা প্রদান করা হয়েছে। এ বিষয়টি মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় এবং মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সার্বক্ষণিক মনিটরিং করা হচ্ছে এবং ত্রুটিসমূহ দ্রুততম সময়ের মধ্যে সংশোধন করার জন্য টেলিফোনে বার বার তাগিদ প্রদান করা হচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রীর ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের অংশ হিসেবে জাতীয় তথ্য বাতায়ন হালনাগাদ করা অত্যন্ত জরুরি।

এমতাবস্থায়, আপনার ইউনিয়নের তথ্য বাতায়ন আগামী ৩০/০৪/২০১৮ খ্রি. তারিখের মধ্যে হালনাগাদ করতঃ অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে ইউনিয়ন তথ্য বাতায়ন হালনাগাদ করা না হলে দায় দায়িত্ব সংশ্লিষ্টকেই বহন করতে হবে।

আপনার যে কোন সহযোগিতার জন্য ০১৭২৭৪১৭০৫০ মোবাইল নম্বরে যোগাযোগ করতে পারেন।

বিষয়টি অতীব জরুরী

প্রাপক

চেয়ারম্যান

.....ইউনিয়ন পরিষদ
....., ভোলা।

(মাহমুদুর রহমান)

উপপরিচালক

স্থানীয় সরকার, ভোলা।

ফোনঃ ০৪৯১-৬২৩৪৭

ফ্যাক্স : ০৪৯১-৬২৬২৬

বিতরণ : সদয় অবগতির জন্য :

১। জেলা প্রশাসক, ভোলা।

বিতরণ : অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

২। উপজেলা নির্বাহী অফিসার(সকল),ভোলা (তঁার উপজেলা এবং আওতাধীন ইউনিয়ন পরিষদসমূহের তথ্য বাতায়ন নিয়মিত মনিটরিং করার অনুরোধসহ)।